রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, এপ্রিল ২৪, ২০১৪

**[ একই নম্বর ও তারিখের স্থলাভিষিক্ত হবে ]**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়**

**জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১৬ জানুয়ারি ২০১৪

নং ২৮.০১৭.০৪০.০০.০০.০৩৫.২০১৩-৪০—জ্বালানী তেল বিক্রয়ের লক্ষ্যে নতুন ফিলিং স্টেশন/সার্ভিস স্টেশন স্থাপন ডিলার নিয়োগ সংক্রান্ত নীতিমালা (সংশোধিত), ২০১৪ প্রজ্ঞাপনটি এতদ্‌সঙ্গে প্রকাশ করা হ'ল।

## জ্বালানী তেল বিক্রয়ের লক্ষ্যে নতুন ফিলিং স্টেশন/সার্ভিস স্টেশন স্থাপনে ডিলার নিয়োগ সংক্রান্ত নীতিমালা (সংশোধিত), ২০১৪।

পরিকল্পিত উপায়ে জ্বালানী তেলের একটি সুবিন্যাস্ত বিপণন ব্যবস্থা গড়ে তোলার লক্ষ্যে নতুন ফিলিং/ সার্ভিস স্টেশন স্থাপনে ডিলার নিয়োগ সংক্রান্ত নীতিমালা যুগোপযোগী করে প্রণয়ন করা প্রয়োজন। ফিলিং স্টেশন স্থাপনের ব্যবস্থা এই নীতিমালার আওতায় উন্মুক্ত থাকবে তবে সকল ক্ষেত্রেই সংশ্লিষ্ট বিপণন কোম্পানীর বোর্ড কর্তৃক প্রস্তাব অনুমোদিত হওয়ার পর বাংলাদেশ পেট্রোলিয়াম করপোরেশন (বিপিসি) এর অনুমোদন গ্রহণ করতে হবে। বিপিসি কর্তৃক চূড়ান্তভাবে নতুন ফিলিং স্টেশন-এর অনুমোদন প্রদানের লক্ষ্যে নিম্নে বর্ণিত প্রাসংগিক তথ্যাদি প্রদান করতে হবে ঃ

১। প্রস্তাবিত ফিলিং স্টেশনের নাম ও ঠিকানা ঃ

২। আবেদনকারীর ছবি সম্বলিত নাম ও স্থায়ী ঠিকানা ঃ

৩। ডিলারের ট্রেড লাইসেন্স, টিআইএন ও ভ্যাট সার্টিফিকেটের হালনাগাদ তথ্যাদি ঃ

৪। প্রস্তাবিত ফিলিং স্টেশনের জমির মালিকের নাম, ঠিকানা সম্বলিত দলিল ও প্রস্তাবিত জমি, আবেদনকারী/ডিলারের সাথে কিভাবে নিবন্ধিত তার বিবরণ ঃ



মূল্য ঃ টাকা ১৬.০০

৫। প্রস্তাবিত জমির অবস্থান (জেলা/থানা/উপজেলা, মৌজা, দাগ নং) ঃ

৬। (ক) প্রস্তাবিত স্থান সিটি করপোরেশন/জেলা শহরের ভিতরে না বাহিরে ঃ

(খ) প্রস্তাবিত স্থান কোন সড়ক/মহাসড়কে অবস্থিত ঃ

৭। ন্যূনতম দূরত্ব ঃ

(ক) সিটি করপোরেশন/জেলা শহরের ভিতরে এবং বাহিরে একই সড়কের একই পার্শ্বে এক ফিলিং স্টেশন হ'তে আরেক ফিলিং স্টেশনের দূরত্ব যথাক্রমে ন্যূনতম ২ (দুই) কিঃ মিঃ ও ৪ (চার) কিঃমিঃ হ'তে হবে;

(খ) সিটি করপোরেশন/জেলা শহরের ভিতরে এবং বাহিরে একই সড়কের বিপরীত পার্শ্বে এক ফিলিং স্টেশন হ'তে আরেক ফিলিং স্টেশনের দূরত্ব যথাক্রমে ন্যূনতম ১ (এক) কিঃ মিঃ ও ২ (দুই) কিঃমিঃ হ'তে হবে;

(গ) কোন সিটি করপোরেশন/জেলা শহরে নতুন বাস/ট্রাক টার্মিনাল এবং জাতীয় মহাসড়কে ফেরী ঘাট নির্মাণ ও চালু হলে ট্রাফিক বৃদ্ধির সম্ভাবনা দেখা দিলে সে স্থানে প্রস্তাবিত ফিলিং স্টেশন স্থাপনের প্রয়োজনীয়তা যাচাইপূর্বক/যৌক্তিকতা পরীক্ষা-নিরীক্ষা করে বিপিসি ন্যূনতম দূরত্ব শিথিল করতে পারবে;

(ঘ) কোন বাইপাস সড়ক নির্মাণের ফলে অথবা রাস্তা উন্নয়নের কারণে অথবা অন্য কোন যুক্তিসংগত কারণে যদি কোন চালু ফিলিং স্টেশন স্থানান্তর অপরিহার্য হয়ে পড়ে তাহলে উক্ত স্থানে বর্তমানে চালু ফিলিং স্টেশনের পরিবর্তে উপযুক্ত কোন স্হানে দূরত্ব শিথিল করে ফিলিং স্টেশনটি প্রতিস্থাপন/স্থানান্তর করার অনুমোদন দেয়া যেতে পারে।

৮। যৌক্তিকতা ঃ

(ক) প্রস্তাবিত ফিলিং স্টেশন স্থাপনের যৌক্তিকতাসহ মাঠ পর্যায়ের কর্মকর্তার সুপারিশ সম্বলিত প্রতিবেদন প্রদান;

(খ) প্রস্তাবিত ফিলিং স্টেশন স্থাপনের ক্ষেত্রে ন্যূনতম দূরত্ব স্পষ্টীকরণের লক্ষ্যে অপরাপর বিপণন কোম্পানীর মাঠ পর্যায়ের কর্মকর্তার যৌথ স্বাক্ষর সম্বলিত পরিচ্ছন্ন স্কেচ ম্যাপ/সাইট প্ল্যান প্রদান।

৯। (ক) প্রস্তাবিত ফিলিং স্টেশন স্থাপনের ক্ষেত্রে নিকটবর্তী অপরাপর বিপণন কোম্পানীর চালু/ নির্মাণাধীন/অনুমোদিত ফিলিং স্টেশনের নাম, দূরত্ব ও সড়কের কোন পার্শ্বে (একই ও বিপরীত) অবস্থিত তার পূর্ণ বিবরণ;

(খ) সড়কের উভয় পার্শ্বে অবস্থিত সংশ্লিষ্ট বিপণন কোম্পানীর চালু ফিলিং স্টেশনের বিগত ৬ (ছয়) মাসের (মাসিক গড় পরিমাণ) প্রকৃত বিক্রয়ের পরিমাণ (লিটারে) ঃ

| পণ্য | | গড় মাসিক প্রকৃত বিক্রয় |
|---|---|---|
| ডিজেল | ঃ | |
| পেট্রোল | ঃ | |
| অকটেন | ঃ | |
| লুব অয়েল | ঃ | |

১০। (ক) প্রস্তাবিত ফিলিং স্টেশনটি চালু করা হলে উহার প্রাথমিকভাবে মাসিক গড় বিক্রয়ের সম্ভাব্য পরিমাণ (লিটারে) ও কোম্পানীর গড় বাৎসরিক আয় ঃ

| পণ্য | | গড় মাসিক সম্ভাব্য বিক্রয় | গড় বাৎসরিক আয় |
|---|---|---|---|
| ডিজেল | ঃ | | |
| পেট্রোল | ঃ | | |
| অকটেন | ঃ | | |
| লুব অয়েল | ঃ | | |

(খ) প্রস্তাবিত ফিলিং স্টেশনটি চালু করা হলে নিকটবর্তী (সড়কের উভয় পার্শ্বে) বর্তমান অপরাপর বিপণন কোম্পানীর গড় মাসিক বিক্রয়ের হ্রাস/বৃদ্ধির পরিমাণ (লিটারে) ঃ

| পণ্য | | কোম্পানীর নাম ও গড় মাসিক হ্রাস/বৃদ্ধির পরিমাণ |
|---|---|---|
| ডিজেল | ঃ | |
| পেট্রোল | ঃ | |
| অকটেন | ঃ | |
| লুব অয়েল | ঃ | |

(গ) প্রস্তাবিত ফিলিং স্টেশনে নির্মিতব্য বিভিন্ন পেট্রোলিয়াম পণ্যের তৈলাধার (Storage Tank) এর বিবরণ।

১১। **অবস্থান** ঃ

(ক) প্রস্তাবিত ফিলিং স্টেশনের অবস্থান এমন স্থানে হ'তে হবে যাতে সড়কের যানবাহন চলাচলে বিঘ্ন সৃষ্টি না হয়;

(খ) ফিলিং স্টেশনের প্রাঙ্গণ সড়কের বাঁক, ঢাল, সংযোগস্থল এবং ব্রীজ হ'তে নিরাপদ দূরত্বে অবস্থিত হ'তে হবে, এ বিষয়ে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের অনাপত্তিপত্র নিতে হবে। তবে ফিলিং স্টেশনের প্রাঙ্গণে গমনাগমনের পথ দু'টি ভিন্ন সড়কে হলে সড়কের সংযোগস্থলে ফিলিং স্টেশন স্থাপিত হ'তে হবে;

(গ) ফিলিং স্টেশনের অবস্থান বাসস্ট্যান্ড বা বাস টার্মিনাল হ'তে ন্যূনতম ১০০ মিটার দূরে হ'তে হবে।

১২। **আকার/আয়তন** ঃ

(ক) প্রস্তাবিত ফিলিং স্টেশন প্রাঙ্গণের পার্শ্ব সীমানা লাইনদ্বয় সড়কের সাথে সমকোণে মিলিত হলে অথবা পরস্পরের দিকে ঝুঁকে থাকলে পিছনের দেয়ালের দৈর্ঘ্য ১৫ হ'তে ৩০ মিটার এবং সম্মুখ ভাগের দৈর্ঘ্য ন্যূনতম ৪৫ মিটার হ'তে হবে। পার্শ্বের দেয়ালদ্বয় সড়কের সংগে সমকোণে মিলিত না হলে অথবা পিছনে পরস্পরের দিকে একই হারে ঝুঁকে না থাকলে সম্মুখ ভাগ বা পিছনের দেয়ালের দৈর্ঘ্য আনুপাতিক হারে বৃদ্ধি করা যেতে পারে;

(খ) প্রস্তাবিত ফিলিং স্টেশন প্রাঙ্গণের প্রস্থ ন্যূনতম ৩০ (ত্রিশ) মিটার হ'তে হবে;

(গ) প্রস্তাবিত ফিলিং স্টেশনের কিয়স্ক ও তৎসংলগ্ন কক্ষাদির অবস্থান প্রাঙ্গণের এক কোণে বা পার্শ্বে হলে প্রাঙ্গণের ন্যূনতম ১০ মিটার পর্যন্ত করা যাবে। সে ক্ষেত্রে প্রাঙ্গণের দৈর্ঘ্য আনুপাতিক হারে বৃদ্ধি করা যাবে।

১৩। **পাম্প, পিছনের দেয়াল ও সার্ভিসিং সুবিধাদির অবস্থান ঃ**

(ক) প্রস্তাবিত ফিলিং স্টেশনে যানবাহন চলাচলের উপযোগী রাস্তা এবং পাম্প প্রাঙ্গণের মধ্যে ন্যূনতম ৩ (তিন) মিটার জায়গা খালি না থাকলে পাম্প বেস (BASE) প্রাঙ্গণের সম্মুখে সীমারেখার ন্যূনতম ৩ (তিন) মিটার ভিতরে স্থাপিত হ'তে হবে;

(খ) প্রস্তাবিত ফিলিং স্টেশনের পিছনের দেয়ালের অবস্থান ট্যাংক অথবা কিয়স্ক বা তৎসংলগ্ন কক্ষাদির পিছনে সর্বোচ্চ ৪ (চার) মিটার দূরে হ'তে হবে;

(গ) প্রস্তাবিত ফিলিং স্টেশন প্রাঙ্গণে গাড়ী সার্ভিসিং সুবিধাদি অনুমোদনযোগ্য। তবে, উহা কিয়স্কের যে দিকে ট্যাংক তার বিপরীত দিকে অবস্থিত হ'তে হবে।

১৪। **প্রথম শ্রেণীর পেট্রোলিয়াম ফিলিং পয়েন্টের অবস্থান ঃ**

(ক) প্রস্তাবিত ফিলিং স্টেশনে প্রথম শ্রেণীর পেট্রোলিয়াম ট্যাংকের ফিলিং পয়েন্ট হ'তে সড়ক, ড্রাইভওয়ে, কিয়স্ক ইত্যাদি ৪ (চার) মিটার দূরে স্থাপিত হ'তে হবে;

(খ) প্রস্তাবিত ফিলিং স্টেশন প্রাঙ্গণ সংলগ্ন বাড়ীঘর থাকলে প্রথম শ্রেণীর পেট্রোলিয়াম ফিলিং পয়েন্ট সীমানা প্রাচীর হ'তে ৪ (চার) মিটার দূরে অবস্থিত হ'তে হবে।

১৫। **কিয়স্ক, অফিস স্টোর, এয়ার কমপ্রেসার, পাম্পরুম ইত্যাদির আয়তন, জেনারেটর স্থাপন এবং কিয়স্ক/অফিসে প্রবেশের দরজার অবস্থান ঃ**

(ক) প্রস্তাবিত ফিলিং স্টেশনের কিয়স্ক, অফিস, স্টোর রুম এবং তৎসংলগ্ন টয়লেট ইত্যাদির মোট আয়তন ৫০(পঞ্চাশ) বর্গমিটারের মধ্যে সংকুলান করতে হবে। উক্ত আয়তনের মধ্যে একাধিক তলাবিশিষ্ট কিয়স্ক অনুমোদনযোগ্য। একটি উপযোগী পাম্পশেড (CANOPY) নির্মাণের জন্য ডিলারগণ'কে উৎসাহ প্রদান করা যেতে পারে;

(খ) এয়ার কমপ্রেসার, পাম্প কক্ষ, পাবলিক টয়লেট ইত্যাদি কক্ষ সংকুলান করা হলে এর কোনটির দৈর্ঘ্য ২ (দুই) মিটারের বেশী হ'তে পারবে না;

(গ) প্রস্তাবিত ফিলিং স্টেশন প্রাঙ্গণে জেনারেটর স্থাপন করতে হলে সংশ্লিষ্ট বিপণন কোম্পানীর অনুমোদনক্রমে নিম্নোক্ত শর্ত সাপেক্ষে অনুমোদিত বিশেষ ধরনের কক্ষ স্থাপন করতে হবে ঃ

(i) জেনারেটর অনধিক ১০ (দশ) কিলোওয়াট ক্ষমতাসম্পন্ন হবে;

(ii) যতদূর সম্ভব কিয়স্কের যে পার্শ্বে ট্যাংক থাকবে উহার বিপরীত দিকে জেনারেটর স্থাপিত হবে এবং অবশ্যই তা (জেনারেটর) ট্যাংকের ফিলিং পয়েন্ট হ'তে ন্যূনতম ১০ (দশ) মিটার দূরে অবস্থিত হবে;

(iii) জেনারেটরের কক্ষের আয়তন ৪ (চার) বর্গমিটারের বেশী হবে না;

(iv) কিয়স্ক/অফিসে প্রবেশের দরজা ট্যাংকের দিকে থাকবে না।

১৬। **বিস্ফোরক অধিদপ্তরের কার্যক্রম** ঃ

কোন অবস্থাতেই বিস্ফোরক অধিদপ্তর ও সংশ্লিষ্ট বিপণন কোম্পানীর সংশ্লিষ্ট বিভাগ/শাখা কর্তৃক নকশা অনুমোদন ও লাইসেন্স ব্যতিরেকে কোন নতুন ফিলিং স্টেশনের নির্মাণ কাজ অথবা পুরাতন ফিলিং স্টেশনের প্রাঙ্গণ বা অন্যান্য স্থাপনা পরিবর্তন/পরিবর্ধন করা যাবে না।

১৭। **অগ্নিনির্বাপক ব্যবস্থা** ঃ

ফিলিং স্টেশন সীমানার মধ্যে আকস্মিক দুর্ঘটনা প্রতিরোধের জন্য অগ্নিনির্বাপক ব্যবস্থার অনুমোদিত লাইসেন্স ব্যতীত ফিলিং স্টেশন চালু করা যাবে না।

১৮। **উচ্চচাপ বৈদ্যুতিক লাইনের অবস্থান** ঃ

প্রস্তাবিত ফিলিং স্টেশনের জমি উচ্চচাপ (High Tension) বৈদ্যুতিক তারের নীচে নেয়া যাবে না।

১৯। **পানি নিষ্কাশন ও নর্দমার অবস্থান** ঃ

পানি নিষ্কাশনের সুবিধার্থে ফিলিং স্টেশন প্রাঙ্গণের উচ্চতা সড়কের উচ্চতা হ'তে বেশী হ'তে হবে।

২০। **ড্রাইভওয়ে** ঃ

ড্রাইভওয়ে পাকা হওয়া প্রয়োজন যাতে মটরযানসমূহ অবাধে প্রবেশ এবং বাহির হ'তে পারে। তবে ড্রাইভওয়ে অনুচ্ছেদ ১৩ এর উপ-অনুচ্ছেদ 'ক' এ প্রদত্ত শর্ত অনুযায়ী প্রথম শ্রেণীর পেট্রোলিয়াম ফিলিং পয়েন্ট হ'তে ৪ (চার) মিটার দূরে নির্মাণ করতে হবে।

২১। **আলোর ব্যবস্থা** ঃ

প্রস্তাবিত ফিলিং স্টেশনে প্রয়োজন অনুযায়ী আলোর ব্যবস্থা রাখতে হবে যাতে গাড়ীচালকগণ রাতে সহজে তা দেখতে পারেন। প্রয়োজনের অতিরিক্ত আলোকসজ্জা করা যাবে না। বিষয়টি সংশ্লিষ্ট বিপণন কোম্পানী কর্তৃক নিয়মিত মনিটরিং করতে হবে।

২২। প্রস্তাবিত ফিলিং স্টেশন প্রাঙ্গণে হাল্কা পানীয়, ফাস্ট ফুডের ব্যবস্থা রাখা যেতে পারে।

২৩। সম্পূর্ণরূপে অথবা আংশিকভাবে তেল বিপণন কোম্পানীর অর্থে নির্মিত ফিলিং স্টেশনের লাইসেন্স সংশ্লিষ্ট বিপণন কোম্পানীর নামে হ'তে হবে।

২৪। সম্পূর্ণরূপে ডিলার/মালিকের অর্থ ব্যয়ে নির্মিত ফিলিং স্টেশনের লাইসেন্স বিপণন কোম্পানীর পরিবর্তে ডিলার/মালিকের নামে হ'তে হবে **(বিস্ফোরক অধিদপ্তর কর্তৃক পেট্রোলিয়াম আইন ১৯৩৪ ও তদাধীনে মঞ্জুরীকৃত লাইসেন্সের শর্ত যথাযথ প্রয়োগের সুবিধার্থে)**।

২৫। **ফিলিং স্টেশন রক্ষণাবেক্ষণের যাবতীয় খরচ নিম্নে বর্ণিত শর্ত মোতাবেক বহন করতে হবে** ঃ

(ক) প্রতিটি ফিলিং স্টেশনে তেল বিপণন কোম্পানী নিজ খরচে স্ট্যান্ডসহ মনোগ্রাম সরবরাহ করবে এবং সংশ্লিষ্ট ডিলার তা যত্নসহকারে রক্ষণাবেক্ষণ করতে হবে;

(খ) কোম্পানী ফাইন্যান্সড পাম্পসমূহ সকল পণ্যের জন্য লাইসেন্স ফি বাবদ লিটার প্রতি ০.০১ টাকা প্রদান করবে এবং ডিলার ফাইন্যান্সড পাম্পের জন্য লিটার প্রতি টাকা ০.০০৫ প্রদান করবে (অকটেন, পেট্রোল এবং ডিজেলের জন্য সমভাবে)।

২৬। ডিলার ও সংশ্লিষ্ট বিপণন কোম্পানীর মধ্যে একটি ''ডিলারশীপ এগ্রিমেন্ট'' থাকবে যার শর্তাবলী অনুযায়ী ডিলার ও কোম্পানী কর্তৃক নিজ নিজ দায়িত্ব পালন করতে হবে। সকল বিপণন কোম্পানীর একই ধরনের (Uniform) এগ্রিমেন্ট থাকতে হবে।

২৭। শহরে নির্মিতব্য কোন বাস টার্মিনালে একের অধিক ফিলিং স্টেশনের জন্য ব্যবস্থা/সুবিধা থাকলে সে ক্ষেত্রে ন্যূনতম দূরত্বে একাধিক ফিলিং স্টেশন স্থাপনের বিষয়ে সংশ্লিষ্ট বিপণন কোম্পানীর সুপারিশের আলোকে বিপিসি যৌক্তিকতা পরীক্ষা-নিরীক্ষা করে বিবেচনা করতে পারে।

২৮। ফিলিং স্টেশনের ভূগর্ভস্থ ট্যাংকের ক্যালিব্রেশন এবং ডিস্‌পেনসিং ইউনিটের মিটার বিএসটিআই কর্তৃক প্রত্যায়িত হ'তে হবে।

২৯। ডিলার কর্তৃক সংশ্লিষ্ট বিপণন কোম্পানী হ'তে উত্তোলিত সমুদয় পেট্রোলিয়াম পণ্য বাধ্যতামূলকভাবে স্ব-স্ব ফিলিং স্টেশনে বিক্রয় করতে হবে।

৩০। বাস্তব অবস্থায় ডিলার কর্তৃক সংশ্লিষ্ট বিপণন কোম্পানীর সাথে সম্পাদিত চুক্তিপত্র অনুযায়ী ঐ বিপণন কোম্পানীর পেট্রোলিয়াম পণ্য বিক্রয় করতে হবে। অন্য কোন উৎস থেকে পেট্রোলিয়াম পণ্য সংগ্রহ করে বিক্রয় করলে কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে চুক্তিপত্র বাতিল করা হবে এবং জমাকৃত জামানত বাজেয়াপ্ত হবে। বিষয়টি আবশ্যিকভাবে বিপণন কোম্পানীর সংশ্লিষ্ট কর্মকর্তাকে মনিটরিং করতে হবে। এ ধরনের কোন পরিস্থিতি দেখা দিলে তাৎক্ষণিকভাবে কর্তৃপক্ষকে তা লিখিতভাবে অবহিত করতে হবে।

৩১। বিপিসি কর্তৃক অনুমোদিত ফিলিং স্টেশন এক বিপণন কোম্পানী থেকে অন্য বিপণন কোম্পানীতে ডিলারশীপ পরিবর্তন/স্থানান্তর করা যাবে না।

৩২। ফিলিং স্টেশন সীমানার মধ্যে সংশ্লিষ্ট কোম্পানীর পণ্য ব্যতীত অন্য কোন পণ্যের বা কোম্পানীর বিজ্ঞাপন/বিলবোর্ড স্থাপন বা প্রদর্শন করা যাবে না।

৩৩। বিপিসি'র অনুমোদন ব্যতিরেকে কোন নতুন ফিলিং স্টেশনের নির্মাণ কাজ আরম্ভ করা যাবে না। এ ধরনের কোন পরিস্থিতি সৃষ্টি হলে সংশ্লিষ্ট বিপণন কোম্পানীর বিভাগীয়/আঞ্চলিক কর্মকর্তা কর্তৃক তাৎক্ষণিকভাবে স্থানীয় প্রশাসন ও সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে লিখিতভাবে অবহিত করাসহ তা বন্ধ করার যথাযথ ব্যবস্থা গ্রহণ করতে হবে।

৩৪। <u>নতুন ফিলিং/সার্ভিস স্টেশন স্থাপনের ডিলারশীপ প্রদানের ক্ষেত্রে জামানত গ্রহণ</u> ঃ

নতুন ফিলিং/সার্ভিস স্টেশন স্থাপনের ডিলারশীপ প্রদানের ক্ষেত্রে প্রস্তাবিত ডিলার'কে ৩ (তিন) লক্ষ টাকা সুদবিহীন জামানত (Security Money) বাবদ সংশ্লিষ্ট বিপণন কোম্পানীর অনুকূলে জমা রাখতে হবে।

৩৫। বিপিসি কর্তৃক কোন নতুন ফিলিং স্টেশন স্থাপনের প্রস্তাব অনুমোদিত হওয়ার পর বিপণন কোম্পানীগুলো কর্তৃক নিম্নবর্ণিত শর্তসমূহ প্রতিপালন করতে হবে ঃ

(ক) বিপিসি কতৃক অনুমোদন পত্র প্রদানের তারিখ হ'তে ১৮ (আঠার) মাসের মধ্যে প্রস্তাবিত ফিলিং স্টেশনের নির্মাণ কাজ সম্পন্নপূর্বক বাণিজ্যিকভাবে জ্বালানী তেল বিক্রয়ের উপযোগী করার জন্য আবেদনকারী/প্রস্তাবিত ডিলারকে পরামর্শ প্রদান করতে হবে, অন্যথায় উক্ত অনুমোদনপত্র বাতিল বলে গণ্য হবে। তবে সংশ্লিষ্ট বিপণন কোম্পানীর সুনির্দিষ্ট ও যৌক্তিকতাপূর্ণ সুপারিশের আলোকে বিপিসি'র অনুমোদনক্রমে সময়সীমা বর্ধিত করা যেতে পারে;

(খ) আবেদনকারী/ডিলার কর্তৃক প্রস্তাবিত ফিলিং স্টেশনের নির্মাণ কাজ দ্রুত শুরু ও শেষ করার সুবিধার্থে উক্ত অনুমোদনপত্র প্রাপ্তির ৭ (সাত) দিনের মধ্যে কোম্পানীর প্রচলিত বিধি বিধানের আওতায় **"লেটার অব ইনটেন্ট"** ইস্যুকরণসহ অন্যান্য প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করে সংস্থা'কে অবহিত করতে হবে;

(গ) প্রস্তাবিত ফিলিং স্টেশনে যথাযথ মানসম্পন্ন ডিজিটাল ডিসপেনসিং ইউনিট ও সাইট-ফ্লো ইন্ডিকেটর ব্যবহার করতে হবে;

(ঘ) প্রস্তাবিত ফিলিং স্টেশনে টেলিফোন সংযোগ, বিশুদ্ধ খাবার পানি সরবরাহের ব্যবস্থাসহ পুরুষ ও মহিলাদের জন্য পৃথক আধুনিক ও স্বাস্থ্যসম্মত টয়লেটের ব্যবস্থা অবশ্যই রাখতে হবে;

(ঙ) সরকার/বিপিসি কর্তৃক ভবিষ্যতে জারীকৃত সংশ্লিষ্ট সকল প্রকার আদেশ/শর্তাবলী প্রস্তাবিত ফিলিং স্টেশনের ক্ষেত্রে প্রযোজ্য বলে গণ্য হবে;

(চ) প্রস্তাবিত ফিলিং স্টেশন স্থাপন ও পরিচালনার ক্ষেত্রে সৃষ্ট যে কোন সমস্যা আবেদনকারী নিজ দায়িত্বে সমাধা করবেন;

(ছ) প্রস্তাবিত ফিলিং স্টেশন নির্মাণের ক্ষেত্রে সেফটি অপারেশনাল ম্যানুয়েল অনুযায়ী যাবতীয় যন্ত্রপাতির গুণগত মান সংরক্ষণসহ কোম্পানী ও ডিলার সম্পর্কিত সকল বিষয় প্রচলিত বিধি-বিধান অনুসারে সুসম্পন্ন করতে হবে;

(জ) প্রস্তাবিত ফিলিং স্টেশনটি সীমান্তের শূন্য লাইন হ'তে বাংলাদেশের অভ্যন্তরে ৮(আট) কিঃমিঃ এর মধ্যে স্থাপন করা যাবে না;

(ঝ) ডিলার কর্তৃক কোম্পানী হ'তে প্রাপ্ত জ্বালানী তেলের পরিমাণ, মজুদ এবং বিক্রয়ের সকল তথ্যাদি দৈনন্দিনভাবে রেজিস্টারে লিপিবদ্ধ করতে হবে;

(ঞ) প্রস্তাবিত ফিলিং স্টেশনে ক্রেতা/জনসাধারণ কর্তৃক ক্রয়কৃত পেট্রোলিয়াম পণ্যের পরিমাপ/ওজন নিশ্চিতকরণের সুবিধার্থে বিএসটিআই কর্তৃক অনুমোদিত পেট্রোলিয়াম পণ্যের ওজন পরিমাপক যন্ত্র সংরক্ষণ করতে হবে;

(ট) ডিলার কর্তৃক সংশ্লিষ্ট বিপণন কোম্পানী হ'তে উত্তোলিত সমুদয় পেট্রোলিয়াম পণ্য বাধ্যতামূলকভাবে স্ব স্ব ফিলিং স্টেশনে বিক্রয় করতে হবে এবং উত্তোলিত পেট্রোলিয়াম পণ্য পরিবহণে একই কোম্পানীর মনোগ্রাম সম্বলিত ট্যাংকলরী ব্যবহার করতে হবে;

(ঠ) অনুমোদিত ফিলিং স্টেশনে জ্বালানী তেল পরিবহণের লক্ষ্যে ফিলিং স্টেশনের নামসহ সংশ্লিষ্ট কোম্পানীর মনোগ্রাম সম্বলিত কমপক্ষে একটি বাউজার/ট্যাংকলরী থাকতে হবে ***(উক্ত ট্যাংকলরী রাখার জন্য প্রস্তাবিত ফিলিং স্টেশন প্রাঙ্গণে পর্যাপ্ত জায়গা থাকতে হবে)***। তাছাড়া, জ্বালানী তেল পরিবহণ শুরু করার পূর্বে উক্ত ট্যাংকলরীর সংশ্লিষ্ট হালনাগাদ কাগজপত্রের ফটোকপি বিপণন কোম্পানীর অনুকূলে জমা প্রদান করতে হবে।

৩৬। সিএনজি সুবিধাসহ/সুবিধাবিহীন প্রস্তাবিত ফিলিং স্টেশন ঃ

(ক) ডিলার কর্তৃক সম্পূর্ণ নিজব্যয়ে প্রয়োজনীয় অবকাঠামোসহ ফিলিং স্টেশন স্থাপনের শর্তে প্রস্তাবিত ফিলিং স্টেশনে প্রথমে সিএনজি রি-ফুয়েলিং স্টেশন স্থাপনপূর্বক বাণিজ্যিকভাবে সিএনজি বিক্রয় কার্যক্রম চালু করা হলে/চালু থাকলে প্রয়োজনীয় কাগজপত্র যাচাই সাপেক্ষে সে সব ফিলিং স্টেশনের ক্ষেত্রে অত্র নীতিমালায় বর্ণিত দূরত্ব অনুসরণপূর্বক বিপিসি কর্তৃক অনুমোদন বিবেচনা করা যেতে পারে;

(খ) আরপিজিসিএল'র অনুমোদন প্রাপ্ত হয়ে যারা ইতোমধ্যে প্রয়োজনীয় অবকাঠামো নির্মাণ করে ও প্রাকৃতিক গ্যাসের অপ্রতুলতার কারণে গ্যাস সংযোগ পাচ্ছেন না তারা উক্ত স্থাপনায় ফিলিং স্টেশন স্থাপন করতে চাইলে নীতিমালায় বর্ণিত দূরত্ব অনুসরণপূর্বক বিপিসি কর্তৃক অনুমোদন বিবেচনা করা যেতে পারে।

৩৭। সংশ্লিষ্ট বিপণন কোম্পানীর বোর্ড সভায় অনুমোদনের পর ক্রমিক নং-১ হ'তে ১০ পর্যন্ত বর্ণিত ডিলার সংশ্লিষ্ট তথ্যাদি **(সংযুক্ত ছক-'ক' ও 'খ' অনুযায়ী)** স্পষ্টভাবে পূরণপূর্বক প্রস্তাবিত ফিলিং স্টেশনের ৩ (তিন) কপি লে-আউট প্ল্যান (Layout plan) সংশ্লিষ্ট বিপণন কোম্পানীর ইঞ্জিনিয়ারিং বিভাগের প্রধান কর্তৃক প্রত্যায়িত করে প্রস্তাবটি প্রয়োজনীয় কাগজপত্রসহ চূড়ান্ত অনুমোদনের জন্য যথানিয়মে বিপিসি'তে প্রেরণ করতে হবে।

৩৮। এই বিজ্ঞপ্তি গেজেট প্রকাশের তারিখ হতে কার্যকর হবে।

**ড. মোঃ মোজাম্মেল হক খান**
সিনিয়র সচিব।

সংযুক্ত ছক-'ক'

## বাংলাদেশ পেট্রোলিয়াম করপোরেশন

বিএসসি ভবন, সল্টগোলা রোড, চট্টগ্রাম।

### ডিলার ও প্রস্তাবিত ফিলিং স্টেশন সংশ্লিষ্ট তথ্যাদি

১। প্রস্তাবিত ফিলিং স্টেশনের নাম ও ঠিকানা ঃ

২। আবেদনকারীর ছবি সম্বলিত নাম ও স্থায়ী ঠিকানা ঃ

৩। ডিলারের ট্রেড লাইসেন্স, টিআইএন ও ভ্যাট সার্টিফিকেটের হালনাগাদ তথ্যাদি ঃ

৪। প্রস্তাবিত ফিলিং স্টেশনের জমির মালিকের নাম, ঠিকানা সম্বলিত দলিল ও প্রস্তাবিত জমি আবেদনকারী/ডিলারের সাথে কিভাবে নিবন্ধিত তার বিবরণ ঃ

৫। প্রস্তাবিত জমির অবস্থান (জেলা/থানা/উপজেলা, মৌজা, দাগ নং) ঃ

৬। (ক) প্রস্তাবিত স্থান সিটি করপোরেশন/জেলা শহরের ভিতরে না বাহিরে ঃ

(খ) প্রস্তাবিত স্থান কোন সড়ক/মহাসড়কে অবস্থিত ঃ

৭। ন্যূনতম দূরত্ব ঃ

(ক) সিটি করপোরেশন/জেলা শহরের ভিতরে এবং বাহিরে একই সড়কের একই পার্শ্বে এক ফিলিং স্টেশন হ'তে আরেক ফিলিং স্টেশনের দূরত্বের বিবরণ ঃ

(খ) সিটি করপোরেশন/জেলা শহরের ভিতরে এবং বাহিরে একই সড়কের বিপরীত পার্শ্বে এক ফিলিং স্টেশন হ'তে আরেক ফিলিং স্টেশনের দূরত্বের বিবরণ ঃ

৮। যৌক্তিকতা ঃ

(ক) প্রস্তাবিত ফিলিং স্টেশন স্থাপনের যৌক্তিকতাসহ মাঠ পর্যায়ের কর্মকর্তার সুপারিশ সম্বলিত প্রতিবেদন প্রদান;

(খ) প্রস্তাবিত ফিলিং স্টেশন স্থাপনের ক্ষেত্রে ন্যূনতম দূরত্ব স্পষ্টীকরণের লক্ষ্যে অপরাপর বিপণন কোম্পানীর মাঠ পর্যায়ের কর্মকর্তার যৌথ স্বাক্ষর সম্বলিত পরিচ্ছন্ন স্কেচ ম্যাপ/ সাইট প্ল্যান প্রদান।

৯। (ক) প্রস্তাবিত ফিলিং স্টেশন স্থাপনের ক্ষেত্রে নিকটবর্তী অপরাপর বিপণন কোম্পানীর চালু/ নির্মাণাধীন/অনুমোদিত ফিলিং স্টেশনের নাম, দূরত্ব ও সড়কের কোন পার্শ্বে (একই ও বিপরীত) অবস্থিত তার পূর্ণ বিবরণ;

(খ) সড়কের উভয় পার্শ্বে অবস্থিত সংশ্লিষ্ট বিপণন কোম্পানীর চালু ফিলিং স্টেশনের বিগত ৬ (ছয়) মাসের (মাসিক গড় পরিমাণ) প্রকৃত বিক্রয়ের পরিমাণ (লিটারে) ঃ

| পণ্য | | গড় মাসিক প্রকৃত বিক্রয় |
|---|---|---|
| ডিজেল | ঃ | |
| পেট্রোল | ঃ | |
| অকটেন | ঃ | |
| লুব অয়েল | ঃ | |

১০। (ক) প্রস্তাবিত ফিলিং স্টেশনটি চালু করা হলে উহার প্রাথমিকভাবে মাসিক গড় বিক্রয়ের সম্ভাব্য পরিমাণ (লিটারে) ও কোম্পানীর গড় বাৎসরিক আয় ঃ

| পণ্য | | গড় মাসিক সম্ভাব্য বিক্রয় | গড় বাৎসরিক আয় |
|---|---|---|---|
| ডিজেল | ঃ | | |
| পেট্রোল | ঃ | | |
| অকটেন | ঃ | | |
| লুব অয়েল | ঃ | | |

(খ) প্রস্তাবিত ফিলিং স্টেশনটি চালু করা হলে নিকটবর্তী (সড়কের উভয় পার্শ্বে) বর্তমান অপরাপর বিপণন কোম্পানীর গড় মাসিক বিক্রয়ের হ্রাস/বৃদ্ধির পরিমাণ (লিটারে) ঃ

| পণ্য | | কোম্পানীর নাম ও গড় মাসিক হ্রাস/বৃদ্ধির পরিমাণ |
|---|---|---|
| ডিজেল | ঃ | |
| পেট্রোল | ঃ | |
| অকটেন | ঃ | |
| লুব অয়েল | ঃ | |

(গ) প্রস্তাবিত ফিলিং স্টেশনে নির্মিতব্য বিভিন্ন পেট্রোলিয়াম পণ্যের তৈলাধার (Storage Tank) এর বিবরণ ঃ

পূরণকারী কর্মকর্তার নাম, পদবী ও স্বাক্ষর
(সীলসহ)

সংযুক্ত ছক-'খ'

## বাংলাদেশ পেট্রোলিয়াম করপোরেশন

বিএসসি ভবন, সল্টগোলা রোড,চট্টগ্রাম।

**বাংলাদেশ পেট্রোলিয়াম করপোরেশন কর্তৃক অনুমোদনের জন্য পেশকৃত নতুন ফিলিং স্টেশন স্থাপন সংক্রান্ত প্রস্তাবের সারসংক্ষেপ।**

ক) বিপণন কোম্পানীর নামঃ ............................................ খ) প্রস্তাবিত ফিলিং স্টেশনের নামঃ ............................................

| প্রস্তাবিত ফিলিং স্টেশনের ঠিকানা/ অবস্থান | বোর্ড সভার নং ও অনুমোদনের তারিখ | প্রস্তাবিত ফিলিং স্টেশন সিএনজি সুবিধাযুক্ত/ সিএনজি সুবিধা বহির্ভূত (টিক দিন) | প্রস্তাবিত ফিলিং স্টেশন সিটি করপোরেশন/জেলা শহরের ভিতরে না বাহিরে স্থাপিত হবে তা টিক চিহ্নের মাধ্যমে প্রদর্শন করুন | | সংস্থা কর্তৃক প্রণীত ফিলিং স্টেশন নীতিমালা অনুযায়ী ন্যূনতম দূরত্বের বিবরণ | | বর্তমানে চালু/নির্মাণাধীন/ অনুমোদিত এবং পূর্বের প্রস্তাবিত নিকটতম ফিলিং স্টেশন হতে প্রস্তাবিত আলোচ্য ফিলিং স্টেশনের দূরত্বের বিবরণ ও সংশ্লিষ্ট বিপণন কোম্পানীর নাম | তদন্তকারী মাঠ কর্মকর্তার নাম, পদবী ও কর্মস্থল | প্রস্তাবিত ফিলিং স্টেশন স্থাপনের যৌক্তিকতা ও সুপারিশ | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | | (৫) | | (৬) | (৭) | (৮) | (৯) |
| | | | (ক) সিটি করপোরেশন<br><br>ভিতরে-( )<br>বাহিরে-( ) | (খ) জেলা শহর<br><br>ভিতরে-( )<br>বাহিরে-( ) | সিটি করপোরেশন/ জেলা শহরের ভিতর এবং বাহিরে একই সড়কের একই পার্শ্বে এক ফিলিং স্টেশন হ'তে আরেক ফিলিং স্টেশনের দূরত্ব যথাক্রমে ন্যূনতম ২ (দুই) কিঃমিঃ ও ৪(চার) কিঃমিঃ হ'তে হবে, যা নীতিমালার ৭(ক)-তে উল্লেখ রয়েছে। | সিটি করপোরেশন/ জেলা শহরের ভিতর এবং বাহিরে একই সড়কের বিপরীত পার্শ্বে এক ফিলিং স্টেশন হ'তে আরেক ফিলিং স্টেশনের দূরত্ব যথাক্রমে ন্যূনতম ১ (এক) কিঃমিঃ ও ২ (দুই) কিঃমিঃ হ'তে হবে, যা নীতিমালার ৭(খ)-তে উল্লেখ রয়েছে। | (ক) সড়কের একই পার্শ্বে ঃ<br><br>(খ) সড়কের বিপরীত পার্শ্বে ঃ | | | |

গ) বিপিসিতে প্রেরিত প্রস্তাবনার সাথে নিম্নোক্ত কাগজপত্র/প্রতিবেদন আবশ্যিকভাবে সংযুক্ত করতে হবে ঃ

(i) বিপণন কোম্পানীর বোর্ড সভার অনুমোদিত রেজুলেশন।

(ii) প্রস্তাবিত ফিলিং স্টেশনের প্রত্যায়িত ৩(তিন) সেট লে-আউট প্ল্যান।

(iii) প্রস্তাবিত ফিলিং স্টেশন স্থাপনের যৌক্তিকতাসহ মাঠ পর্যায়ের কর্মকর্তার সুপারিশ সম্বলিত প্রতিবেদন।

(iv) প্রস্তাবিত ফিলিং স্টেশন স্থাপনের ক্ষেত্রে ন্যূনতম দূরত্ব স্পষ্টীকরণের লক্ষ্যে অপরাপর বিপণন কোম্পানীর মাঠ পর্যায়ের কর্মকর্তার যৌথ স্বাক্ষর সম্বলিত পরিচ্ছন্ন স্কেচ ম্যাপ/সাইট প্ল্যান (হাতে করা স্কেচ ম্যাপ/সাইট প্ল্যান গ্রহণযোগ্য নয়)।

(v) সকল ফটোকপি সংশ্লিষ্ট কোম্পানীর উপ-মহাব্যবস্থাপক (বিক্রয়)/ মহাব্যবস্থাপক (বিপণন) সত্যায়িত করে পাঠাবেন।

| প্রস্তুতকারীর নাম, পদবী ও স্বাক্ষর | পরীক্ষাকারীর নাম, পদবী ও স্বাক্ষর | উপ-মহাব্যবস্থাপক (বিক্রয়)/মহাব্যবস্থাপক (বিপণন) |
|---|---|---|
| (সীলসহ) | (সীলসহ) | সীলসহ স্বাক্ষর |

মোঃ নজরুল ইসলাম (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
আবদুর রশিদ (উপসচিব), উপ-পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd